

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়  
পরিবেশ শাখা-৩  
www.moef.gov.bd

নং-২২.০০.০০০০.০৭৪.১৮.০০১.১৭.৪৪

তারিখঃ ১৯.০২.২০১৯ খ্রিঃ।

### পরিপত্র

**বিষয় :** বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক ওয়ান স্টপ সার্ভিস প্রদানের লক্ষ্যে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র প্রদানের সময়াবদ্ধ সাধারণ কার্যপ্রণালী (Standard Operating Procedure)

- ১। পরিবেশ সংরক্ষণ, পরিবেশগত মান উন্নয়ন এবং পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ ও প্রশমনকল্পে সরকার ১৯৯৫ সালে বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন জারী করে। এই আইনবাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫(The Bangladesh Environment Conservation Act, 1995) নামে অভিহিত যা পরবর্তীতে ২০১০ সালে সংশোধিত হয়।
- ২। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ এর উদ্দেশ্য পূরণকল্পে সরকার এই আইনের ২০ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ১৯৯৭ সালে পরিবেশ সংরক্ষণ বিধিমালা(Environment Conservation Rules, 1997) জারী করে।
- ৩। বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত ২০১০) এর ১২(১) ধারা অনুযায়ী মহাপরিচালকের নিকট হতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, পরিবেশগত ছাড়পত্র ব্যতিরেকে কোন এলাকায় কোন শিল্প প্রতিষ্ঠান স্থাপন বা প্রকল্প গ্রহণ করা যাবে না।
- ৪। পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর বিধি ৭ এ পরিবেশগত ছাড়পত্র প্রদানের উদ্দেশ্যে পরিবেশের উপর প্রভাব বিস্তার এবং অবস্থান অনুযায়ী শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহ-কে নিম্নবর্ণিত ০৪ (চার) টি শ্রেণীতে বিভক্ত করা হয়েছে -

১. সবুজ
২. কমলা-ক
৩. কমলা-খ
৪. লাল

উপরে বর্ণিত শ্রেণীসমূহের অন্তর্ভুক্ত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পসমূহের তালিকা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল-১ এ প্রদত্ত হয়েছে।

- ৫। সকল শ্রেণীর বিদ্যমান শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্প এবং সবুজ শ্রেণীভুক্ত প্রস্তাবিত শিল্প প্রতিষ্ঠান ও প্রকল্পের ক্ষেত্রে সরাসরি পরিবেশগত ছাড়পত্র প্রদানের বিধান রয়েছে।

